# ACHHRURAM MEMORIAL COLLEGE

[AFFILIATED TO SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY]
NAAC (2ND CYCLE) ACCREDITED WITH CGPA OF 2.49 AT 'B' GRADE
JHALDA, PURULIA, WEST BENGAL, PIN:- 723 202

Email : ticprincipalamc@gmail.com Website : www.amcollege.ac.in Mob.- 6296129585

Ref. No. ................................ Date 11/08/26..............................

## বিজ্ঞপ্তি

### বিষয়: 'হর ঘর তিরঙ্গা'- দেশপ্রেমের রঙে রাঙিয়ে তোলার অভিযান

### ৯ আগস্ট থেকে ১৭ আগস্ট, ২০২৬

এতদ্বারা মহাবিদ্যালয় এর সমস্ত অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষা কর্মী এবং ছাত্র-ছাত্রীদের এই মর্মে জানানো হচ্ছে যে, ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্দেশনা অনুসারে Achhruram Memorial College, Jhalda - তে আগামী ৯ থেকে ১৭ আগস্ট, ২০২৬ পর্যন্ত পালিত হবে 'হর ঘর তিরঙ্গা' অভিযান। এই কর্মসূচির মধ্য দিয়ে আমাদের ঘরে ঘরে, হৃদয়ে হৃদয়ে জাতীয় পতাকার মর্যাদা ও দেশপ্রেমের দীপ্তি ছড়িয়ে দেওয়াই হবে আমাদের অঙ্গীকার।

কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মীদের প্রতি অনুরোধ-এই দেশাত্মবোধক কর্মযজ্ঞে সক্রিয়ভাবে অংশগ্রহণ করুন এবং আপনাদের আন্তরিক সহযোগিতায় কর্মসূচিগুলিকে সাফল্যের শিখরে পৌঁছে দিন।

কলেজের সকল ছাত্রছাত্রীকেও এই অভিযানের সঙ্গে যুক্ত হয়ে বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। **প্রত্যেক ছাত্রছাত্রীর অংশগ্রহণ আবশ্যিক**। বিভাগীয় প্রধানদের তাঁদের বিভাগের শিক্ষার্থীদের উপস্থিতি ও সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

| কর্মসূচির তালিকা | | |
|---|---|---|
| **১২ আগস্ট, ২০২৬** | **১৩ আগস্ট, ২০২৬** | **১৫ আগস্ট, ২০২৬** |
| আয়োজিত হবে এক মননশীল সেমিনার- **"শ্রী অরবিন্দ ও ধ্যান: প্রাচীন শিকড়ের সঙ্গে দর্শন, দর্শনচিন্তা ও রাজনৈতিক ভাবনার সংযোগ"।** শ্রী অরবিন্দ কেন্দ্র, পুরুলিয়া এবং Eager to Forge Ahead-এর সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হবে। **সময়:** সকাল ১০:৩০ মিনিট **স্থান:** কমিউনিটি হল | স্বামী বিবেকানন্দের **১৩৪তম শিকাগো বক্তৃতা বার্ষিকী** উপলক্ষে পুরুলিয়া রামকৃষ্ণ মিশনের সহযোগিতায় ছাত্রছাত্রীদের জন্য অনুষ্ঠিত হবে এক **বক্তৃতা প্রতিযোগিতা।** বিষয়- 'যুব-দিশারী স্বামী বিবেকানন্দ' **সময়:** সকাল ১০:৩০ মিনিট **স্থান:** সেমিনার হল | ভারতের **৮০তম স্বাধীনতা দিবস** উদযাপন করা হবে যথাযোগ্য মর্যাদা, আনন্দ ও দেশপ্রেমের আবেগে। **সময়ঃ** সকাল ৬৩০ মিনিট। **স্থানঃ** কলেজ প্রাঙ্গন **অনুষ্ঠানের প্রধান আকর্ষণ-** **ক. ছাত্রছাত্রীদের তিরঙ্গা র‍্যালি** **খ. পতাকা উত্তোলন** **গ. ছাত্রছাত্রীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান** |
| একটি পতাকা, এক আকাশ স্বপ্ন, এক অখণ্ড দেশপ্রেম- **'হর ঘর তিরঙ্গা' হোক প্রতিটি ঘরের গর্ব, প্রতিটি হৃদয়ের স্পন্দন।** জাতীয় পতাকার তিন রঙে রাঙিয়ে উঠুক আমাদের ঘর, আমাদের প্রাঙ্গণ এবং সর্বোপরি আমাদের অন্তর। | | |

11/08/26

TEACHER-IN-CHARGE
ACHHRURAM MEMORIAL COLLEGE
JHALDA, PURULIA
WEST BENGAL

ড. সমরকান্তি চক্রবর্তী
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
এ.এম. কলেজ, ঝালদা